

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নারায়ণগঞ্জ
(ব্যবসা বাণিজ্য শাখা)
www.narayanganj.gov.bd


স্মারক নং ০৫.৪১.৬৭০০.২০৫.০৮.০৩.২১-৮৫/১

তারিখ : ১৯ ভাদ্র ১৪৩১
০৩ সেপ্টেম্বর ২০২৪

"গণবিজ্ঞপ্তি"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৯৫৬ সালের অত্যাৱশ্যকীয় পণ্য নিয়ন্ত্রণ আইনের অধীন প্রণীত ১৯৮১ সনের অত্যাৱশ্যকীয় পণ্য নিয়ন্ত্রণ আদেশ অনুযায়ী লৌহ ও লৌহজাত দ্রব্য, স্টীলের সামগ্রী, সিমেন্ট, সকল প্রকার কাপড় (খুচরা ও পাইকারী), সকল প্রকার সুতা (খুচরা ও পাইকারী), দুগ্ধ খাদ্য, সিগারেট, ইলেকট্রিক ও ইলেকট্রনিক সামগ্রী, মেডিক্যাল ও সার্জিক্যাল সামগ্রী, বাই-সাইকেল যন্ত্রাংশ, টায়ার ও টিউব, সাবান ও ওয়াশিং পাউডার, ভোজ্য তেল, ভোজ্য লবণ ও বিটলবণ এবং ১৯৮৭ সনের স্বর্ণ (সংগ্রহ, মজুদ ও বিতরণ) আদেশ অনুযায়ী স্বর্ণ (জুয়েলারী, বুলিয়ান স্বর্ণ বন্ধকী ও কারিগরী) ব্যবসায়ীদের জন্য জেলা প্রশাসকের কার্যালয় হতে লাইসেন্স গ্রহণ ও নবায়ন করা বাধ্যতামূলক। ডিলিং লাইসেন্স গ্রহণ/নবায়ন না করে ব্যবসা পরিচালনা করা বেআইনী।

এমতাবস্থায়, উল্লিখিত দ্রব্যের ব্যবসার লাইসেন্স গ্রহণ বা তাদের নিজ নিজ লাইসেন্স সমূহ ২০২৪-২০২৫ অর্থবছরের জন্য লাইসেন্স নবায়নের সময়সীমা আগামী ৩১ অক্টোবর ২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো। সংশ্লিষ্ট সকলকে নিত্য প্রয়োজনীয় দ্রব্য সামগ্রীর লাইসেন্স নবায়ন এবং নতুন লাইসেন্স গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।


০৩/৯/২০২৪

মোহাম্মদ মাহমুদ হক
জেলা প্রশাসক
নারায়ণগঞ্জ

ফোন: ০২-৪৭৬৫০৬৬৪

Email: dcnarayanganj@mopa.gov

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ০১। অতিরিক্ত জেলা প্রশাসক, সার্বিক/রাজস্ব/উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নারায়ণগঞ্জ।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, সদর/বন্দর/সোনারগাঁও/রূপগঞ্জ/আড়াইহাজার, নারায়ণগঞ্জ। (তাকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচার করে ৩১ অক্টোবর/২০২৪ তারিখের পর এ বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ০৩। সহকারী কমিশনার (ভূমি).....(সকল), নারায়ণগঞ্জ।
- ০৪। জেলা তথ্য অফিসার, নারায়ণগঞ্জ। (তাকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ০৫। সভাপতি, নারায়ণগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, নারায়ণগঞ্জ।
- ০৬। সভাপতি, প্রেস ক্লাব, নারায়ণগঞ্জ।
- ০৭। সহকারী প্রোগ্রামার, নারায়ণগঞ্জ। (তাকে জেলা প্রশাসকের ওয়েবসাইটে বিজ্ঞপ্তিটি প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ০৮। জেলা বাজার কর্মকর্তা, নারায়ণগঞ্জ।
- ০৯। সভাপতি/সম্পাদক-----ব্যবসায়ী সমিতি, নারায়ণগঞ্জ।
- ১০। অফিস কপি।